

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬১.১১.০০২.২০-১৮৯

তারিখঃ ১১ ভাদ্র ১৪২৮
২৬ আগস্ট ২০২১

নিয়োগ আদেশ

সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অনুসরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.১১.০০২.২০-৭৭৮ সংখ্যক স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত কম্পিউটার অপারেটর পদে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫-এর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|-----------|---------------------|---|--|--|
| ১ | ১২০০০২২১ | সৈয়দ আহমেদ হুদয় পিতা: মোঃ লোকমান হোসেন | গ্রাম: আগলা, ডাকঘর: পুটিনা, উপজেলা: রূপগঞ্জ, জেলা: নারায়ণগঞ্জ-১৭২০। | ৮৯২/এ, শহীদবাগ, শান্তিনগর, শাহজাহানপুর, ঢাকা-১২১৭ |
| ২ | ১২০০০৩২৬ | মোঃ তালাশ মাহমুদ পিতা: মোঃ আব্দুস সামাদ | গ্রাম: হাতিবান্দা, ডাকঘর: হাতিবান্দা, উপজেলা: গাবতলী, জেলা: বগুড়া- ৫৮২০। | গ্রাম: হাতিবান্দা, ডাকঘর: হাতিবান্দা, উপজেলা: গাবতলী, জেলা: বগুড়া- ৫৮২০। |
| ৩ | ১২০০০৪০৬ | মোঃ হাসিবুর রহমান পিতা: কামাল উদ্দীন | গ্রাম: শেখদী, ডাকঘর: দনিয়া, উপজেলা: যাত্রাবাড়ি, জেলা: ঢাকা-১২৩৬। | গ্রাম: শেখদী, ডাকঘর: দনিয়া, উপজেলা: যাত্রাবাড়ি, জেলা: ঢাকা-১২৩৬। |

০২। **নিয়োগের শর্তাবলী :**

- ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে;
- গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত নিয়োগ সম্পূর্ণরূপে সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখে;

চলমান পাতা-০২






পাতা-০২

- ঙ) যোগদানের সময় ও নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ছ) চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী। এ ক্ষেত্রে নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারি জ্যেষ্ঠতা ও পদোন্নতি বিশেষ বিধান, ২০১১ প্রযোজ্য হবে; এবং
- জ) যোগদানের সময় উপযুক্ত সরকারি প্রতিষ্ঠান কর্তৃক ডোপ টেস্টে উত্তীর্ণ সনদপত্র দাখিল করতে হবে।

০৩। উপরিউক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


(মো: হাসানুল ইসলাম, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ২২৩৩৫৬৬৩৬

নং-৩৭.০০.০০০০.০৬১.১১.০০২.২০-১৮৯

তারিখঃ ১১ ভাদ্র ১৪২৮
২৬ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারি শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. জনাব/বেগম.....।
১৪. অফিস কপি/গার্ড ফাইল।


(মো: আব্দুল্লাহ আল মামুন) ২৬/৮/২০২১

উপসচিব (প্রশাসন)

ফোনঃ ৯৫৪৯১৩০

E-mail: sas_admin1@moedu.gov.bd